# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 12-03-2026** **Time: 7.35 AM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। ঘরোয়া এলপিজি উৎপাদন ২৫ শতাংশ বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।

রান্নার গ্যাস নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে, তার নিরসনে প্রশাসনিক বৈঠক করবেন মুখ্যমন্ত্রী।

২) রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে শপথ নেবেন।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির অঙ্গ হিসাবে গতকাল প্রশিক্ষণ দেওয়া হয় জেলার নোডাল পুলিশ অফিসার ও মাস্টার ট্রেনারদের।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শনিবার রাজ্যে আসছেন।

৫) আয়ুষ্মান ভারত প্রকল্প কেন পশ্চিমবঙ্গে চালু হচ্ছে না, তা নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।

৬) উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ও আগামীকাল হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

---

দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। পেট্রোলিয়াম মন্ত্রকের তরফে গতকাল এক সাংবাদিক বৈঠকে যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেন, নানারকম খবরের জেরে অনেকেই আতঙ্কিত হয়ে বাড়তি গ্যাস সিলিন্ডার বুক করছেন। তা নিয়ন্ত্রণ করতেই দুটি গ্যাস বুকিং-এর মধ্যে ন্যূনতম ব্যবধান ২১ দিন থেকে বাড়িয়ে ২৫ দিন করা হয়েছে। অযথা ভয় পেয়ে বাড়তি সিলিন্ডার বুক না করার আর্জিও তিনি জানিয়েছেন। যুগ্ম সচিব বলেন, দেশে ঘরোয়া এলপিজি উৎপাদন ২৫ শতাংশ বেড়েছে। বাণিজ্যিক গ্যাসের ক্ষেত্রেও হাসপাতাল এবং জরুরী পরিষেবার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

বাইট সুজাতা শর্মা

খনিজ তেলের ক্ষেত্রেও সরবরাহ নিয়ন্ত্রণে বলে যুগ্ম সচিব জানান। তিনি বলেন, দেশে তেলের দৈনন্দিন খরচ প্রায় ৫৫ লক্ষ ব্যারেল। অন্তত ৪০ টি দেশ থেকে খনিজ তেল আমদানি করে ভারত। হরমুজ প্রণালী দিয়ে তেল সরবরাহ ব্যাহত হলেও দেশের ৭০ শতাংশ যোগান অন্য রাস্তা দিয়ে আসছে। কিছু দিনের মধ্যেই তেল বোঝাই আরও দুটি জাহাজ ভারতে এসে পৌঁছবে বলেও তিনি জানিয়েছেন।

----------------

পশ্চিম এশিয়ার দেশগুলিতে যুদ্ধের জেরে ঘরোয়া এবং বাণিজ্যিক গ্যাস নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে, তার নিরসনে রাজ্য সরকার আজ নবান্নে বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে এই বৈঠকে বিভিন্ন দফতরের আধিকারিক ও পুলিশ প্রশাসনের শীর্ষ নেতৃত্বকে ভার্চুয়ালি উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

এর আগে গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের সঙ্গে কথা বলেন। ভার্চুয়াল এই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ও স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা।

অন্যদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও গতকাল গ্যাস ডিলারদের সঙ্গে বৈঠকে বসেন। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, রাজ্য সরকার শীঘ্রই একটি মান্য কার্যবিধি এসওপি জারি করবে। জ্বালানী সরবরাহ যাতে বন্ধ করা না হয়, তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আর্জি জানিয়েছেন মুখ্যমন্ত্রী। কালো বাজারি রুখতে পুলিশকে আরও সতর্ক হতে বলেছেন তিনি। মুখ্যমন্ত্রী এরাজ্যে বটলিং হওয়া গ্যাস বাইরের কোনো রাজ্যে না পাঠানোর জন্য ডিলারদের কাছে আবেদন জানান। পাশাপাশি হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠাগুলিতে গ্যাস সরবরাহ যাতে অব্যাহত থাকে, সেদিকেও লক্ষ্য রাখার কথা জানান তিনি। কেরোসিনের যোগান যাতে স্বাভাবিক থাকে, সেদিকটি দেখতেও তিনি কেন্দ্রকে অনুরোধ জানিয়েছেন।

বাইট মমতা

জ্বালানি সরবরাহে সংকটের প্রেক্ষিতে সিএনজি-র দাম প্রতি কেজিতে ৫ টাকা বৃদ্ধি পাওয়ায় কলকাতার বিভিন্ন রুটে অটো ভাড়া বেড়েছে বলে পরিবহন দপ্তর সূত্রে জানা গিয়েছে। কলকাতায় প্রতি কেজি সিএনজি গ্যাস ৫৭ টাকা ৬৮ পয়সা থেকে বেড়ে হয়েছে ৬২ টাকা ৬৮ পয়সা।

-----------------

রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে শপথ নেবেন। লোক ভবনের সর্দার প্যাটেল ইউনিটি হলে এক অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। এর আগে নবনিযুক্ত মাননীয় রাজ্যপালের সম্মানে গার্ড অব অনার প্রদান করা হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, তাঁর মন্ত্রিসভার সদস্যরা, রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিশিষ্ট ব্যক্তিদের শপথ গ্রহণ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।

---------------

রাজ্যে আসন্ন নির্বাচনের প্রস্তুতিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের উদ্যোগে গতকাল জেলা নোডাল পুলিশ অফিসার ও মাস্টার ট্রেনারদের নিয়ে বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। ঘন্টা তিনেকের এই প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কমিশন নিযুক্ত পুলিশ অবজার্ভার ও অন্যান্য আধিকারিকেরা।

প্রশিক্ষণ কর্মসূচিতে নির্বাচনী বিধি, নির্বাচনী আইন, সাম্প্রতিক নির্দেশিকা এবং ভোট পরিচালনার বিভিন্ন প্রশাসনিক খুঁটিনাটি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

নির্বাচনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা রক্ষায় নজরদারির কৌশল নিয়েও আলোচনা হয়েছে। প্রতিটি জেলায় এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে কন্ট্রোল রুম খোলা হবে বলে জানানো হয়েছে। কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে সমন্বয়ের বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, রাজ্য পুলিশের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীও মোতায়েন করা হয়েছে। তাদের সঙ্গে কাজ করার জন্য একটি নির্দিষ্ট সমন্বয় কাঠামো তৈরি করা হয়েছে। পুলিশ অবজার্ভারদের তরফে এ বিষয়ে একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রোসিডিওরও দেওয়া হয়েছে।

তিনি আরও জানান, রাজ্যের প্রতিটি বুথ এলাকার পরিদর্শনের উপর জোর দেওয়া হয়েছে। 'বুথ ভিজিট' বলতে নির্দিষ্ট বুথের আশপাশের এলাকা পরিদর্শনকে বোঝানো হয়েছে। এই কাজের জন্য ইতিমধ্যেই রাজ্যে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এসেছে, যারা রাজ্য পুলিশের সঙ্গে সমন্বয় করে কাজ করছে।

-----------------

CPI(M), ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়াকে যেসব রাজনৈতিক দল প্রশংসা করেছে এবং যারা বিরোধিতা করেছে তাদের নাম নির্দিষ্ট করে জানানোর জন্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়ে চিঠি পাঠিয়েছে। চিঠিতে উল্লেখ করা হয়েছে, বেশির ভাগ রাজনৈতিক দল SIR এর প্রশংসা করেছে বলে কমিশনের যে দাবি, তা সম্পূর্ণ ভুল। চিঠিতে একটি স্বচ্ছ, ন্যায্য ও অন্তর্ভুক্তিমুলক পুনর্বিবেচনা প্রক্রিয়া নিশ্চিত করার অনুরোধ জানানো হয়।

-----------------

বিজেপি মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক প্ররোচনামূলক বক্তব্যের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন, সম্প্রতি মুখ্যমন্ত্রী কমিউনিটি জোট নিয়ে যে মন্তব্য করেছেন, তা অত্যন্ত দায়িত্বজ্ঞানহীন এবং সাম্প্রদায়িক বিভাজন তৈরির চেষ্টা। অবিলম্বে এই ধরনের মন্তব্য বন্ধ হওয়া প্রয়োজন।

বাইট দেবজিৎ

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শনিবার রাজ্যে আসছেন। ঐদিন দুপুরে অসমের শিলচর থেকে কলকাতায় আসবেন প্রধানমন্ত্রী। এর পর ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে দুটি প্রশাসনিক ও রাজনৈতিক কর্মসূচিতে তাঁর অংশ নেওয়ার কথা। সরকারি সূত্রে জানা গেছে , প্রথমে তিনি একটি সরকারি অনুষ্ঠানে রাজ্যের জন্য বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন, উদ্বোধন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করার অনুষ্ঠানে অংশ নেবেন। এরপর পাশের অন্য একটি রাজনৈতিক মঞ্চে বিজেপির একটি জনসভায় যোগ দেবেন তিনি।

জনসভা শেষে বিকেল সাড়ে ৩টে নাগাদ ব্রিগেড থেকে হেলিকপ্টারে কলকাতা বিমানবন্দরে পৌঁছে সেখান থেকে দিল্লির উদ্দ্যেশ্যে রওনা হবেন।

-----------------

আয়ুষ্মাণ ভারত প্রকল্প কেন এ রাজ্যে চালু হচ্ছে না সেই নিয়ে রাজ্যের অবস্থান জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। ৪ সপ্তাহের মধ্যে রাজ্যকে তা হলফনামা দিয়ে জানাতে হবে বলে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ। ২ সপ্তাহের মধ্যে জবাবি হলফনামা দিয়ে পালটা বক্তব্য জানাতে পারবেন আবেদনকারী বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

রাজ্যের তরফে গতকাল আদালতে, এই বিষয়ে বক্তব্য জানাতে সময় চাওয়া হয়। তার প্রেক্ষিতেই আদালত চার সপ্তাহ সময় দিয়েছে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য এই মামলায় আর্জি জানিয়েছিলেন যে, ভারত সরকারের এই জনমুখী প্রকল্পের সুবিধে দেশের অন্যান্য রাজ্যের মানুষ পেলেও পশ্চিমবঙ্গের মানুষ তা থেকে বঞ্চিত হচ্ছে।

-----------------

গঙ্গাসাগরে বিজেপি কর্মী ত্রিলকেশ ঢালী গুলিবিদ্ধ হওয়ার ঘটনায়  তীব্র নিন্দা করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য। তিনি বলেন রাজেযে আইনের শাসন নেই।

বাইট শমীক

উল্লেখ্য, গঙ্গাসাগর বাস স্ট্যান্ডের কাছে গতকাল প্রাতঃভ্রমণের সময় বিজেপি কর্মীকে লক্ষ্য করে গুলি চালায় দুজন অজ্ঞাত পরিচয় দুষ্কৃতি।

----------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ উদযাপিত হচ্ছে। পরাধীন ভারতে ব্রিটিশ শাসকদের একচেটিয়া লবণ আইন অমান্য করার ডাক দেন গান্ধীজি। তিনি ১৯৩০ সালের ১২ মার্চ গুজরাটের সবরমতি আশ্রম থেকে ডান্ডি পর্যন্ত ২৪১ মাইল ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ বা ডান্ডি পদযাত্রা করেন, যা ঐতিহাসিক ডান্ডি মার্চ নামেও পরিচিত। ৬ এপ্রিল ডান্ডি তে পৌঁছে সমুদ্র উপকূলে লবণ তৈরি করে গান্ধীজি ব্রিটিশদের একচেটিয়া লবণ আইন ভঙ্গ করেন। গান্ধীজীর লবণ সত্যাগ্রহ ছিল কার্যত ব্রিটিশ শাসিত পরাধীন ভারতে অহিংস আন্দোলনের মধ্য দিয়ে আইন অমান্য আন্দোলনের সূচনা। হাজার হাজার মানুষ যোগ দিয়েছিলেন লবণ সত্যা গ্রহে। মহাত্মা গান্ধীর লবণ সত্যাগ্রহ গোটা দেশের মানুষের মধ্যে দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করতে স্বাধীনতা আন্দোলনের ভাবনাকে ব্যাপকভাবে উজ্জীবিত করেছিল।

----------------

উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ও আগামীকাল  হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী দু থেকে তিন গন্টা দক্ষিণ দিনাজপুরের বিভিন্ন অংশে বজ্র বিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

তবে দক্ষিণবঙ্গে কোথাও কোথাও আকাশ মেঘলা থাকলেও বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। কলকাতাতেও  আজ পর্যন্ত আকাশ আংশিক মেঘলা থাকার সম্ভাবনা।

এদিকে, আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দুই দশমিক সাত ডিগ্রি বেশি।  দক্ষিণবঙ্গে আগামী তিন চারদিনে তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে তবে উত্তর সঙ্গে তাপমাত্রার বিশেষ পরিবর্তনের কোন সম্ভাবনা নেই।

---------------- ----------------